দৈনিক জনকণ্ঠ

NOV. 28 2001

তারিখ ...

পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬

# ভুয়া শিক্ষক ॥ বেতন তুলে দিতে সন্ত্রাসীবাহিনী নিয়ে প্রধান শিক্ষকের ওপর চাপ প্রয়োগ

গাইবান্ধা, ২৭ নবেম্বর, নিজস্ব সংবাদদাতা ॥ শিক্ষক নয় অথচ শিক্ষক হিসাবে তার নামে প্রতিমাসে বেতনের টাকা আসছে। বর্তমানে এই ভুয়া শিক্ষক বেতনের টাকা তুলে দেয়ার জন্য সন্ত্রাসীবাহিনী নিয়ে প্রধান শিক্ষকের ওপর চাপ প্রয়োগ করছে।

জানা গেছে, গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলার ইসলাম পুর বিলকিস চৌধুরী বালিকা বিদ্যালয়ের শিক্ষক নয় অথচ শিক্ষক হিসাবে এলাকার জনৈক হাবিবুর রহমানের নামে এ বছরের মার্চ মাস থেকে প্রতিমাসের বেতনের টাকা আসছে। এ ব্যাপারে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল হাকিম জানান, তাঁর বিদ্যালয়ে হাবিবুর রহমান নামের কোন শিক্ষক কখনও ছিল না। বর্তমানেও নেই। তাছাড়া হাবিবুর রহমান নামের কোন ব্যক্তিকেও বিদ্যালয় কমিটি নিয়োগ করেনি বা নিয়োগসংক্রান্ত কোন প্রকার কাগজপত্র বিদ্যালয়ে নেই। এ ব্যাপারে জেলা শিক্ষা কর্মকর্তা আজিজুল ইসলাম জানান ইসলামপুর বিলকিস চৌধুরী বালিকা বিদ্যালয়ে হাবিবুর রহমান নামের কোন শিক্ষক নেই কারণেই তাদের কাছে এ নামের কোন রেকর্ডপত্র নেই। বর্তমানে ভুয়া শিক্ষক হাবিবুর রহমান তার নামে আসা বিল ৩ মাসের বেতন তুলে দেয়ার জন্য সন্ত্রাসীবাহিনী নিয়ে প্রধান শিক্ষকের ওপর চাপ প্রয়োগ করছে। বিল তুলে না দিলে প্রধান শিক্ষকের হাত-পা কর্তনসহ জীবন নাশের হুমকি দিচ্ছে। ভয়ে প্রধান শিক্ষক বাড়ি থেকে বের হতে পারছেন না।